গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
এইচআর শাখা

মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	বিকাশ দেওয়ান ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২২.১০.২০২০খ্রি.
সভার সময়	দুপুর ১২.১৫ টায়
স্থান	ভার্চুয়াল প্লাটফর্ম (Zoom)
উপস্থিতি	০১। জনাব এ.টি.এম. হারুন-অর-রশিদ, এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স), ডিপিডিসি। ০২। জনাব গোলাম মোস্তফা, এক্সিকিউটিভ ডিরেক্টর (ফাইন্যান্স) ও এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর), অতিরিক্ত দায়িত্ব, ডিপিডিসি। ০৩। জনাব এস এম শহীদুল ইসলাম, এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি। ০৪। জনাব মো: গিয়াস উদ্দিন জোয়ার্দার এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং), ডিপিডিসি। ০৫। জনাব মোঃ রবিউল হাসান, জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং), ডিপিডিসি। ০৬। জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী, জেনারেল ম্যানেজার (এইচ.আর), ডিপিডিসি। ০৭। জনাব সৈয়দ আশরাফ আলী, প্রধান প্রকৌশলী (সাউথ), ডিপিডিসি। ০৮। জনাব আব্দুর রউফ খান, প্রধান প্রকৌশলী (ডেভেলপমেন্ট), ডিপিডিসি। ০৯। জনাব মো: আসাদুজ্জামান, কোম্পানি সচিব, ডিপিডিসি। ১০। জনাব মো: মুজিবুর রহমান, প্রধান প্রকৌশলী (নর্থ), [অতিরিক্ত দায়িত্ব] ডিপিডিসি। ১১। জনাব এটিএম ফজলুল করিম, প্রধান প্রকৌশলী (গ্রীড), [অতিরিক্ত দায়িত্ব] ডিপিডিসি। ১২। জনাব এ এইচ এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী, প্ল্যানিং এন্ড ডিজাইন [অতিরিক্ত দায়িত্ব] ১৩। জনাব মো: মাহবুবুর রহমান, প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, [অতিরিক্ত দায়িত্ব] ডিপিডিসি। ১৪। মিজ কামরুন নাহার, ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন, ডিপিডিসি। ১৫। জনাব শামীমুল হক, ডিজিএম (এইচ.আর), পাবলিক রিলেশন্স, ডিপিডিসি। ১৬। জনাব ডাঃ শেখ মঈনুল হোসেন, চিফ মেডিক্যাল অফিসার, ডিপিডিসি।

আলোচ্যসূচি :

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি গত ১২.০৮.২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত মুজিব বর্ষের ৩য় সভায় আলোচিত বিষয়সমূহ দফা ওয়ারি উপস্থাপনের দিক নির্দেশনা প্রদান করেন। অতঃপর নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	পরিকল্পনা/গৃহীত কার্যক্রম	আলোচনা এবং সিদ্ধান্ত	বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তর
০১	মুজিব বর্ষ উপলক্ষ্যে ০১ ঘন্টা অতিরিক্ত দপ্তর সময়/ কার্যসময়	সভায় বলা হয়, সংশ্লিষ্ট বিষয়ে গত ২৪.০২.২০২০খ্রি. তারিখে সার্কুলার জারি করা হয়েছে এবং এ সংক্রান্ত কার্যক্রম চলমান। এ ক্ষেত্রে সভাপতি সংশ্লিষ্ট সকলকে জারিকৃত আদেশ পরিপালন এবং নির্ধারিত সময়ের মধ্যে অফিসে হাজির হয়ে দাপ্তরিক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন।	সার্কুলার জারিকৃত। কার্যক্রম চলমান। সকল দপ্তর এক ঘন্টা অতিরিক্ত দাপ্তরিক কর্মকান্ড পরিচালনা নিশ্চিত করবেন।
০২	প্রধান কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণার্থে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।	সভায় বলা হয়, ডিপিডিসির প্রধান কার্যালয় ভবনে মুজিব কর্ণার স্থাপন এবং উদ্বোধন সম্পন্ন। সভায় আরো জানানো হয়, ডিপিডিসি'র ওয়েবসাইটেও (www.dpdc.gov.bd) মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে এবং এতদসংক্রান্ত বিভিন্ন তথ্য সংশ্লিষ্ট কর্ণারে আপলোড করা হচ্ছে।	বাস্তবায়নঃ জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)

০৩	ডিপিডিসি কর্তৃক আইসিডিডিআরবির সহযোগীতায় আয়োজিত হেপাটাইটিস বি ভাইরাস স্ক্রিনিং ও ভ্যাক্সিনেশন প্রোগ্রাম এর আয়োজন।	সভায় জানানো হয়, ডিপিডিসি কর্তৃক গৃহীত হেপাটাইটিস বি ভাইরাস ভ্যাক্সিনেশন প্রোগ্রাম এর দুটি ডোজ ইতোমধ্যে প্রদান করা হয়েছে এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে ৩য় ডোজটি আইসিডিডিআরবি'র পরামর্শ অনুযায়ী আপাতত স্থগিত রয়েছে বলে সভায় উল্লেখ করা হয়। পরিস্থিতি স্বাভাবিক হলে এবং আইসিডিডিআরবি'র পরামর্শ অনুযায়ী পরবর্তীতে ৩য় ডোজ প্রদানের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে।	বাস্তবায়নঃ চিফ মেডিক্যাল অফিসার
০৪	ডিপিডিসি কর্তৃক সন্ধানী ঢাকা মেডিক্যাল কলেজ শাখার সহযোগীতায় ব্লাড ডোনেশন প্রোগ্রামের আয়োজন	করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে গত ২৩.০৩.২০২০খ্রি. তারিখে মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত ব্লাড ডোনেশন প্রোগ্রামটি স্থগিত করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে সংশ্লিষ্ট প্রোগ্রামটি আয়োজন করা হবে ।	বাস্তবায়নঃ চিফ মেডিক্যাল অফিসার
০৫	মুজিব বর্ষ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার পুরস্কার প্রদান অনুষ্ঠান (সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা ও খেলাধুলা)	সভায় জানানো হয়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মৃত্যু বার্ষিকীতে রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মধ্যে হতে বিজয়ীদের নাম ঘোষণা করা হয় এবং পরবর্তীতে বিজয়ীদের মধ্যে পুরস্কার হিসেবে বই বিতরণ করা হয়।	ডিজিএম (এইচ.আর) পাবলিক রিলেশন্স
০৬	প্রতিটি এনওসিএস এ একটি করে ফিডার নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা চিহ্নিত করত:	মুজিব বর্ষ এ গৃহীত পরিকল্পনা অনুযায়ী প্রতিটি এনওসিএস এ একটি করে ফিডার নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসার কার্যক্রম চলমান হয়েছে মর্মে সভায় জানানো হয়। সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রমকে আরো ত্বরান্বিত করার লক্ষ্যে চিফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন দপ্তরের সাথে আলোচনা এবং প্রয়োজনীয় সহায়তা নেয়া হবে মর্মে সভায় উল্লেখ করা হয়। এ পরিপ্রেক্ষিতে সভাপতি আগামী ৭ কর্ম দিবসের মধ্যে ডিভিশন ভিত্তিক ফিডারের নাম তালিকাভুক্ত করাসহ সংশ্লিষ্ট ফিডারসমূহ কীভাবে নিরবিচ্ছিন্ন করা হবে তার কর্মপন্থা উল্লেখপূর্বক এতদসংক্রান্ত তথ্য সিসিও টু এমডি বরাবর দাখিল করা বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
০৭	গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা	সভায় বলা হয়, গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসার কার্যক্রম চলনাম এবং খুব দ্রুত সংশ্লিষ্ট কার্যক্রমটি সম্পন্ন করা হবে। সভায় আরো আলোচনা হয়, গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশন এর ভিতর একটি ভেন্ডিং স্টেশন এরূপভাবে স্থাপন করা হয়েছে যার ফলে ভেন্ডিং সম্পন্ন করার জন্য গ্রাহকগণকে সাব-স্টেশনের ভিতর আসতে হয়। ফলে সাব-স্টেশনটিতে জনসমাগম বৃদ্ধি পাচ্ছে। গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশন টি যেহেতু একটি কেপিআই স্থাপনা ফলে সংশ্লিষ্ট স্থাপনাটির অভ্যন্তরে ভেন্ডিং স্টেশন স্থাপন যৌক্তিক নয়। সভায় বলা হয়, ভেন্ডিং স্টেশনটি এমনভাবে প্রতিস্থাপন করতে হবে যেন গ্রাহকগণকে ভেন্ডিং সম্পন্ন করার জন্য সাব-স্টেশনের ভিতর প্রবেশ করতে না হয় । অন্যথায় ভেন্ডিং স্টেশনটি অন্যত্র প্রতিস্থাপন করতে হবে।	বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার, গ্রীড তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স) ও চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ)
০৮	সি এস আর এর আওতায় সরকারী প্রাইমারী স্কুল এবং অটিস্টিক বাচ্চাদের স্কুলে সোলার প্যানেল প্রদান	সভায় জানানো হয়, মুজিব বর্ষ উপলক্ষ্যে সরকারী প্রাইমারী স্কুল এবং অটিস্টিক বাচ্চাদের স্কুলে সোলার প্যানেল প্রদান কার্যক্রমের আওতায় মুগদাপাড়া স্কুল এবং বঙ্গবন্ধু স্কুল কে নির্বাচন করা যায় এবং সংশ্লিষ্ট কার্যক্রমে তারা আগ্রহী। এ পরিপ্রেক্ষিতে সভাপতি স্কুল দুটিতে ব্যাটারিসহ সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহনের জন্য এ.এইচ.এম মহিউদ্দিন, চিফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন [অতিরিক্ত দায়িত্ব] কে পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: এ.এইচ.এম মহিউদ্দিন, চিফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন [অতিরিক্ত দায়িত্ব]

০৯	মুজিব বর্ষ উপলক্ষ্যে আলোচনা সভা- "বঙ্গবন্ধু ও নারীর ক্ষমতায়ন"	সভায় বলা হয় গত ০৮.০৩.২০২০খ্রি. তারিখে "বঙ্গবন্ধু ও নারীর ক্ষমতায়ন" এর উপর আলোচনা সভার আয়োজন করা হয়েছে।	কার্যক্রম গৃহীত হয়েছে
১০	বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ইত্যাদি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিডিসি'র আওতাধীন স্কুল/কলেজ গুলোতে সচেতনতামুলক বিভিন্ন প্রোগ্রাম আয়োজন করা	সভায় আলোচনা করা হয় যে, বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্কুল কলেজ বন্ধ রয়েছে। ফলে স্কুল কলেজগুলোতে বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ইত্যাদি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রোগাম আয়োজন সম্ভব হচ্ছেনা। সভাপতি এক্ষেত্রে ডিপিডিসি'র আওতাধীন বিভিন্ন পাড়া-মহল্লা, ধানমন্ডি লেক, রমনা পার্ক ইত্যাদি স্থানগুলোতে স্বাস্থ্য বিধি মেনে এ সংক্রান্ত প্রচারণা কার্যক্রম আয়োজনের বিষয়ে পরামর্শ প্রদান করেন।	ডিজিএম (এইচ.আর) পাবলিক রিলেশন্স
১১	ডিপিডিসি'র আওতাধীন এলাকাকে দূর্ঘটনা মুক্ত এলাকা (Accident Free Zone) হিসেবে গড়ে তুলার লক্ষ্যে special awareness program আয়োজন	সভায় জানানো হয়, নির্বাহী প্রকৌশলীগণ প্রতিনিয়ত এমপ্লয়ীদের সাথে awareness বিষয়ক আলোচনা করে থাকে। সভায় বলা হয় সকল ডিভিশন তার নিজ এবং অধস্তন দপ্তরসমূহকে নিয়ে এ সংক্রান্ত সচেতনতামুলক প্রোগ্রাম আয়োজন করবে। সভায় নির্বাহী পরিচালক (অপারেশন্স) স্ক্যাডা ভবনে একটি ডেমোনস্ট্রেশন লাইন তৈরি করে সংশ্লিষ্ট সকলকে বৈদ্যুতিক দূর্ঘটনা রোধকল্পে করণীয় সম্পর্কে প্র্যাকটিকাল প্রদর্শনী আয়োজনের বিষয়ে দায়িত্ব গ্রহণ করেন। সভায় আরো জানানো হয়, ডিপিডিসি কর্তৃক প্রস্তুতকৃত সেফটি ম্যানুয়াল টি এনওসিএস এবং গ্রীড দপ্তরসমূহে সরবরাহ করা হয়েছে। এক্ষেত্রে সভাপতি প্রয়োজন অনুযায়ী আরো সেফটি ম্যানুয়াল প্রিন্টিং এর বিষয়ে পরামর্শ প্রদান করেন। বিশেষ করে সকল কন্ট্রোল রুমে সেফটি ম্যানুয়াল সংরক্ষন এবং এর যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণের উপর পরামর্শ প্রদান করেন। সেফটি ম্যানুয়ালটি যথাযথ অনুসরণের লক্ষ্যে এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজনেরও পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: ১। চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) ২।সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
১২	গ্রাহকদের বিদ্যুৎ বিলের নিচে সচেতনতামুলক বিভিন্ন স্লোগান/পরামর্শ এবং বিলের সাথে বিদ্যুৎ সাশ্রয়ী ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ বিষয়ক বিভিন্ন পরামর্শ সম্বলিত লিফলেট/ভাজ প্রদান	সভায় বলা হয় বর্তমানে বিদ্যুৎ বিলের নিচে বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ বিষয়ক পরামর্শ/স্লোগান দেয়া হচ্ছে। সভায় আরো জানানো হয় , বিদ্যুৎ বিল প্রদানের বিষয়ে BERC কর্তৃক সুনির্দিষ্ট ফরমেট প্রদান করা হয়েছে। এক্ষেত্রে ফরমেটটির পেছনে সচেতনতামুলক স্লোগান প্রদানের বিষয়ে বার্ক এর কোন আপত্তি রয়েছে কিনা সে বিষয়ে BERC এর সাথে আলাপ করা হবে মর্মে সভায় উল্লেখ করা হয়।	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
১৩	ডিপিডিসি'র আওতাধীন সকল দপ্তরে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে যাবতীয় কার্যক্রম গ্রহণ	সভায় জাননো হয়, ডিপিডিসি'র দপ্তরসমূহ হতে পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। সভাপতি সভায় স্ক্যাডা ভবন এবং এর আশে পাশে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন। সভায় উল্লেখিত হয়, ডিপিডিসি'র নিজস্ব ভবন হিসেবে স্ক্যাডা ভবন প্রধান পরিচায়ক। সভাপতি চিফ ইঞ্জিনিয়ার, স্ক্যাডাকে স্ক্যাডা ভবন ও তার পারিপার্শিক পরিচ্ছন্নতার বিষয়ে দায়িত্ব অর্পন করে বলেন, ডিপিডিসির'র স্ক্যাডা ভবন এবং এর আশ-পাশের এলাকা সম্পূর্নরূপে পরিষ্কার পরিচ্ছন্ন ও পরিপাটি করে রাখতে হবে । এ বিষয়ে যা যা করা দরকার সে সংক্রান্ত উদ্যোগ গ্রহণ করার জন্য চিফ ইঞ্জিনিয়ার, স্ক্যাডা এর দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি ডিপিডিসি'র সকল দপ্তরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে পরামর্শ প্রদান করেন। কোভিড-১৯ প্রেক্ষাপটে দপ্তরসমূহে গ্রাহক উপস্থিতি হলে প্রয়োজনে গ্রাহকের জন্য গ্লাভস, মাস্ক এর ব্যবস্থা রাখতে হবে।	বাস্তবায়ন: ১। চিফ ইঞ্জিনিয়ার, স্ক্যাডা ২। নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং সকল দপ্তর প্রধান

১৪	বাসায় অবস্থানকারী মহিলা (Home Maker) দের মধ্যে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে নিরাপত্তা, বিদ্যুৎ সাশ্রয় ইত্যাদি সংক্রান্ত সচেতনতা বাড়ানোর জন্য special awareness program এর আয়োজন করার	সভাপতি সংশ্লিষ্ট বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য ডিজিএম (এইচ.আর) এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন এর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সভায় জানানো হয় যে, কোভিড-১৯ জনিত কারণে এ সংক্রান্ত প্রোগ্রাম আয়োজন করা সম্ভব হয়নি। বাস্তব পরিস্থিতিতে আয়োজন পদ্ধতি পর্যালোচনা করা হচ্ছে। সভাপতি সংশ্লিষ্ট বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। প্রয়োজনে কর্তৃপক্ষের সাথে এ বিষয়ে আলোচনা এবং সদস্য কো-অপ্ট এর বিষয়েও পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: ডিজিএম (এইচ.আর) এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন
১৫	গ্রাহক কর্তৃক টেলিফোন, লিখিত, ই-ইমেল, ফেইসবুক ইত্যাদির মাধ্যমে প্রদত্ত অভিযোগসমূহ যথাযথ দ্রুত নিষ্পন্ন করতে হবে।	সভায় জানানো হয়, সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। গ্রাহকদের কাছ থেকে ইতোপূর্বে প্রাপ্ত সকল অভিযোগ এর নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি অভিযোগ নিষ্পত্তির বিষয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গ্রাহক সেবার উৎকর্ষতা সাধনে সংশ্লিষ্ট সকলকে কাজ করার জন্য আহ্বান করা হয়।	বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
১৬	কল সেন্টারকে আরো কার্যকরীরূপে গড়ে তোলা।	সভায় উল্লেখ করা হয়, কল সেন্টারে গৃহীত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হয়। এক্ষত্রে অনিষ্পন্ন অভিযোগসমূহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর নিকট এসএমএস চলে যায় বলে সভায় জানানো হয়। সভায় কল সেন্টারকে আরো কার্যকরিরূপে গড়ে তোলার জন্য লজিস্টিক সাপোর্ট ও জনবলের প্রয়োজনীয়তার কথা জিএম (আইসিটি) উল্লেখ করেন।	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) ও ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি ম্যানেজমেন্ট (জনবল পদায়ন)
১৭	ডিপিডিসিকে একটি নিরাপদ ও পরিবেশ বান্ধব ইউটিলিটিতে রূপান্তর এবং একই সাথে ওভারহেড লাইনসমূহকে আন্ডারগ্রাউন্ড এ স্থাপনের পরিকল্পনার অংশ হিসেবে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে ০১ (এক) টি Oil filled pole mounted distribution transformers কে Oil free dry (cast resin) type flame proof transformer দ্বারা পরিবর্তন করা	সভায় জানানো হয়, আগামী ১৫ কর্ম দিবসের মধ্যে মনোপোল (MONO POLE) দিয়ে একটি কনভেনশনাল ট্রান্সফর্মার বসানো হবে। সভাপতি cast resin ট্রান্সফর্মার সংগ্রহের বিষয়ে এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) এবং সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট কে দায়িত্ব প্রদান করেন।	১। ১২.০৮.২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত মুজিব বর্ষের ৩য় সভার আলোচ্যসূচী ক্রমিক নম্বর ১৭ এর মাধ্যমে গঠিত কমিটি ২। এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) এবং সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট
১৮	মুজিব বর্ষ (২০২০) কে সামনে রেখে ট্রেইলার মাউন্টেড/ মোবাইল/ মুভেবল ৩৩/11 কেভি সাব-স্টেশন সংগ্রহ করা	সভায় জানান হয় সংশ্লিষ্ট কার্যক্রমটি evaluation stage এ রয়েছে এবং কার্যক্রমটি সম্পাদনের জন্য clarification নেয়া হচ্ছে। খুব দ্রুত কাজটি সম্পন্ন হবে বলে সভায় উল্লেখ করা হয়। এ সময় সভাপতি সকল প্রকার প্রকিউরমেন্ট এর ক্ষেত্রে পি.পি.আর সহ যথাযথ পদ্ধতি অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।	বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার (প্ল্যানিং এন্ড ডিজাইন) এবং সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট
১৯	ওয়েব সাইটে মুজিব বর্ষ উপলক্ষ্যে বিশেষ প্রচার ব্যবস্থা	ডিপিডিসি'র ওয়েবসাইটে এ লক্ষ্যে বিশেষ প্রচারণা বিদ্যমান। উপরন্তু ডিপিডিসি'র ওয়েবসাইটে (www.dpdc.gov.bd) মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)

২০	দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স, দুর্নীতি রোধ এবং শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে দুর্নীতি বিরোধী এবং শুদ্ধাচার চর্চার উপর বিভিন্ন পোস্টার, লিফলেট ব্যানার ইত্যাদি তৈরি করে প্রচারণা	সভায় জানানো হয়, গত বছর ন্যায় এ বছরও শুদ্ধাচার বিষয়ক বিভিন্ন ব্যানার, পোস্টার, লিফলেট ইত্যাদি তৈরি পূর্বক প্রচার করা হবে। এ সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি কয়েকজন বিশিষ্ট ব্যাক্তিবর্গের উপস্থিতিতে ডিপিডিসি'র এমপ্লয়ীদের নিয়ে একটি শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ে সেমিনার আয়োজনের জন্য জেনারেল ম্যানেজার (এইচ.আর) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।	সেমিনার বাস্তবায়ন: সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট তত্বাবধান: জেনারেল ম্যানেজার (এইচ.আর)
২১	ক)মুজিব বর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ সেক্টরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরিকল্পনা ও অবদান ইত্যাদি নিয়ে একটি বিশেষ পাবলিকেশন্স প্রস্তুত করা; খ) মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসি'র ১২ বছর পুর্তি উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিদ্যুৎ সেক্টরে অবদান এবং ভবিষ্যৎ পরিকল্পনা সেইসাথে ডিপিডিসি'র ১২ বছরের অর্জন / কার্যক্রম ইত্যাদি নিয়ে একটি বিশেষ পাবলিকেশন্স তৈরি করা।	সভায় অবহিত করা হয় যে, এ দু'টি বিষয়ে দু'টি কমিটির কার্যক্রম চলমান আছে।	বাস্তবায়ন: সংশ্লিষ্ট দু'টি কমিটি। ক) ১২.০৮.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত মুজিব বর্ষের ৩য় সভার আলোচ্যসূচী ক্রমিক নম্বর ২১ এর মাধ্যমে গঠিত কমিটি। খ) সূত্র নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.২৩.০০১.২০.৪৬ তারিখ: ১৯.০৬.২০২০খ্রি. এর মাধ্যমে গঠিত কমিটি
২২	মুজিব বর্ষ উপলক্ষ্যে গ্রাহক সমাবেশ এর আয়োজন	গ্রাহক সেবার মান বৃদ্ধি, অভিযোগ নিষ্পত্তি, সেফটি সিকিউরিটি ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গ্রাহক সমাবেশ আয়োজনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)
২৩	বস্তি এলাকায় অস্থায়ী মেডিক্যাল ক্যাম্প/সুবিধা ও প্রিপেইড মিটার এর মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রদান	সভায় জানানো হয় করোনা ভাইরাস পরিস্থিতির কারণে সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। এ সময় সভাপতি বস্তি/ঘনবসতিপূর্ন এলাকাগুলোতে অবৈধ বিদ্যুৎ সংযোগ এর বিষয়ে বাস্তবতার সাথে সঙ্গতিপূর্ণ পরিকল্পনা নেয়ার পাশাপাশি দূর্ঘটনামুক্ত রাখার উপর নজরদারি বাড়ানোর জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।	বাস্তবায়ন: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
২৪	ইনোভেটিভ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রস্তাবিত আইডিয়া যাচাই বাছাই পূর্বক বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও কার্যক্রম গ্রহণ	সভাপতি বলেন, ডিপিডিসি এখনও ১০০% SAIDI, SAIFI তে যেতে পারেনি। সকল এনওসিএস দপ্তরকে এতদসংক্রান্ত রিপোর্ট চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ) কর্তৃক সরবরাহকৃত ফরমেট এ এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স) কে প্রদান করতে হবে। ১২.০৮.২০২০খ্রি. তারিখে মুজিব বর্ষের ৩য় সভায় ইনোভেটিভ আইডিয়া হিসেবে গৃহীত SAIDI, SAIFI অটোমেশন এর কার্যক্রম এর বাস্তবায়নের উপরও গুরুত্বারোপ করা হয়।	১। বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)

২৫	বিলিং ব্যবস্থাপনার উৎকর্ষতা সাধন	সভাপতি বলেন, বিলিং ব্যবস্থাপনার উৎকর্ষতা সাধন এর লক্ষ্যে যথাযথভাবে গ্রাহক মিটার রিডিং করে বিলিং করতে হবে। কোন ক্রমেই যেন রিড়িং না করে বিলিং করা না হয়। শুধুমাত্র CSS এর উপর ভিত্তি করে বিলিং করা যাবে না। এ বিষয়ে এনওসিএস এর সকল নির্বাহী প্রকৌশলীকে সচেতন এবং দায়িত্বশীল হওয়ার পরামর্শ প্রদান করা হয়।	বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং জিএম (আইসিটি,এনার্জি এন্ড মিটারিং)

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.০৫.০০১.১৯.৯৪

তারিখ: ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) সকল চীফ ইঞ্জিনিয়ার /সকল জেনারেল ম্যানেজার / কোম্পানি সচিব, ডিপিডিসি।

৩) সিও টু ম্যানেজিং ডিরেক্টর/সকল সুপারিনটেন্ডেং ইঞ্জিনিয়ার/সকল পিডি/ সকল ডিজিএম/ সিএমও, ডিপিডিসি।

৪) সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, ডিপিডিসি।

৫) অফিস কপি/ মাস্টার ফাইল।

মোহাম্মদ হাসনাত চৌধুরী
জেনারেল ম্যানেজার (এইচ আর)